যুগান্তর

তারিখ 09 MAR 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

১০ম গ্রেডসহ ৫ দফা দাবি

# প্রাথমিকের প্রধান শিক্ষকরা কালোব্যাজ পড়বেন আজ

**যুগান্তর রিপোর্ট**

দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তার পদমর্যাদা বাস্তবায়ন ও পদমর্যাদা অনুযায়ী জাতীয় বেতন স্কেলের ১০ম গ্রেডে অন্তর্ভুক্ত করাসহ ৫ দফা দাবিতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকরা আজ কালোব্যাজ ধারণ করবেন। আগামী ২২ মার্চের মধ্যে এসব দাবি আদায় না হলে তারা ২৩ মার্চ আরও কঠোর কর্মসূচি দেবেন।

বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক সমিতির ডাকে এই কর্মসূচি পালিত হচ্ছে। সংগঠনের নেতা এসএম সায়িদউল্লাহ যুগান্তরকে জানান, প্রধান শিক্ষকদের দ্বিতীয় শ্রেণীর মর্যাদা দেয়ার ঘোষণা খোদ প্রধানমন্ত্রী শেখ হাসিনা দিয়েছেন। কিন্তু আমলাতান্ত্রিক জটিলতায় এটি পড়ে গেছে। তারা সুবিধাটি পাচ্ছেন না। শিক্ষকদের বাকি চারটি দাবি হচ্ছে, প্রধান শিক্ষকদের 'সেলফ ড্রয়িং' কর্মকর্তা হিসেবে ক্ষমতা প্রদানসহ অর্থ মন্ত্রণালয় হতে করেসপন্ডিং স্কেলে বেতন নির্ধারণের নির্দেশনা প্রদান, প্রধান শিক্ষক থেকে উপরের পদগুলোতে শতভাগ বিভাগীয় পদোন্নতির বিধান চালু, প্রধান শিক্ষক পদে নতুন নিয়োগ ও পদোন্নতি সরকারি কর্মকমিশনের (পিএসসি) আওতাভুক্ত রাখা, টাইম স্কেল ও সিলেকশন গ্রেড পুনর্বহাল করা।